মুগ্রান্তয়

রাজশাহী শিক্ষা বোর্ডের কর্মচারীদের মানববন্ধন

প্রকাশ : ০৯ জানুয়ারি ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



🚨 রাজশাহী ব্যুরো

চাকরি স্থায়ী করার দাবিতে মঙ্গলবারও মানববন্ধন কর্মসূচি পালন করেছেন রাজশাহী মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের অস্থায়ী কর্মচারীরা। শিক্ষাবোর্ডের সামনের সভকে তারা এ কর্মসূচি পালন করেন। মানববন্ধন কর্মসূচিতে বোর্ডের দৈনিক হাজিরাভিত্তিক অস্থায়ী কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি মুকুল শেখ, সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম শাহীন ও চাকরি স্থায়ী করার দাবিতে দায়ের করা মামলার বাদী আল-মামুনসহ ৬২ জন অস্থায়ী কর্মচারী অংশ নেন। চাকরি স্থায়ী করার দাবি জানিয়ে বক্তারা বলেন, আদালত তাদের চাকরি স্থায়ী করার নির্দেশ দিলেও শিক্ষাবোর্ড কোনো উদ্যোগ নিচ্ছে না। তাই তারা কর্মসূচি দিতে বাধ্য হচ্ছেন। তাদের চাকরি স্থায়ী না করা পর্যন্ত তারা কালোব্যাজ ধারণ করবেন এবং এমন আন্দোলন কর্মসূচি চালিয়ে যাবেন।

ভারপ্রাপ্ত সম্পাদক: সাইফুল আলম, প্রকাশক: সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।

ফ্যাক্স: ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।